

# পৌষপার্বণ এর মেলা.....

## কামরুন নাহার নিপা

বাঙালি জাতিগত ভাবেই উৎসব প্রিয়। কথায় আছে বাঙ্গালী বারো মাসে তেরো পার্বণ পালন করে। ঋতু বৈচিত্র্য এর কারণে এসব পার্বণ বাঙ্গালীর ঐতিহ্যে शामिल হয়েছে। শীতের আগমনের সাথে সাথে বাংলার ঘরে ঘরে পিঠা বানানোর ধুম পড়ে যায়। শীতের সকালে গরম পিঠা যেন অমৃতের মতন। এসব কথা ভাবলে মনের অজান্তেই চোঁখের সামনে গ্রাম-বাংলার পরিচিত এক ছবি ভেসে ওঠে। নিজের দেশের এসব সংস্কৃতি, ঐতিহ্যকে পরবর্তী প্রজন্মের কাছে পৌঁছে দিতে **কাম্পেলটাউন বাংলা স্কুল** সবসময় অগ্রণী ভূমিকা পালন করে আসছে। নিজের মাতৃভাষা শিক্ষার পাশাপাশি স্কুলের শিক্ষার্থীদের বাঙ্গালির সংস্কৃতির সাথে এক যোগসূত্র ঘটানোর কাজ করে আসছে এই স্কুল। সেই ধারাবাহিকতায় গত ৩ জুলাই ২০১১, **The Grange Public school, Minto** তে শীতের পিঠামেলা অনুষ্ঠিত হয়েছে। স্কুলের শিক্ষার্থীদের সাথে নিয়ে সিডনিস্থ প্রবীণ বাঙালি প্রাক্তন শিক্ষক জনাব ব্যারিস্টার সালাউদ্দিন সাহেব পিঠামেলার আনুষ্ঠানিক সূচনা করেন। মেলায় বিপুল পরিমাণ বাঙ্গালির উপস্থিতিতে এক প্রানমুখোর পরিবেশ তৈরি হয় স্কুল প্রাঙ্গণে। হরেক রকম পিঠার আয়োজন ছিল লক্ষ্য করার মত। নানান ধরনের সুস্বাদু পিঠার সাথে **লাল-সবুজের** শিল্পীদের গান এক বাড়তি মাত্রা যোগ করে। বাঙ্গালির যেকোনো আয়োজনে বিশেষ করে কাম্পেলটাউন বাংলা স্কুলের যেকোন আয়োজনে সবসময় লাল-সবুজ তাদের পাশে থেকে তাদের গানের মাধ্যমে **উৎসাহ প্রদান করে। সেইসাথে স্কুল এর** শিক্ষার্থী শিল্পী ফায়িজা, লোরানা, সুসমা, মমিত, প্রহর, ঈনারা এবং অতিথি শিল্পী বাপ্পি, মিজানুর রহমান ভরুণ তাদের গানে মেলা প্রাঙ্গণে প্রানসঞ্চার হয়। অনুষ্ঠানে কৌতুক পরিবেশন করেন শুভ। সাংস্কৃতিক অনুষ্ঠান পরিচালনার সার্বিক দায়িত্বে ছিলেন জনাব নাজমুল আহসান খান। মেলা থেকে আহরিত অর্থ স্কুল ফান্ড এ জমা করা হয়। প্রতি বছর স্কুল শুধু মাত্র পিঠা মেলার মাধ্যমে ফান্ড রাইজিং করে থাকে। পিঠা মেলায় উপস্থিত থেকে স্কুল ফান্ড বৃদ্ধির জন্য মেলায় আগত সকল বাঙালিকে স্কুল কমিটির পক্ষ থেকে আন্তরিক ধন্যবাদ জানান স্কুলের সভাপতি জনাব মাসুদ চৌধুরী। এছাড়া অনুষ্ঠানে সংক্ষিপ্ত বক্তব্য রাখেন স্কুল এর সাধারণ সম্পাদক এস এম আবু নাসের, সহ-সভাপতি ডঃ খাইরুল চৌধুরী এবং বাংলা প্রসার কমিটির সাধারণ সম্পাদক হাসিনা আক্তার মিনি। পিঠা মেলার সার্বিক সহযোগিতায় ছিলেন ডাঃ বজলুল করিম, মোসলেম উদ্দিন, শাহ আলাম সৈয়দ, আব্দুল জালিল, হাসান আহমেদ, শাহ আব্দুল মতিন পপলু, শহিদুল ইসলাম, ওমর ফারুক, এবং স্কুল এর শিক্ষিকা রোকেয়া আহমেদ, জিনাত চৌধুরী, কামরুন নাহার নিপা।







